# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ধলাই সহ রাজ্যের ৫টি বিধানসভা আসনের উপনির্বাচনের প্রচারাভিযান আজ আরো জোরদার ।

২) রাজ্যের বিভিন্ন জনগোষ্ঠীর ভাষা এবং অসমীয়া ভাষা ও বর্ণিল সংস্কৃতির প্রচার তথা প্রসার সম্পর্কে আলোচনার উদ্দেশ্যে রাজ্য সরকারের উদ্যোগে আগামীকাল থেকে ৯ নভেম্বর পর্যন্ত ভাষা গৌরব সপ্তাহ উদযাপন । বরাক উপত্যকায়ও আগামীকাল থেকে ভাষা গৌরব সপ্তাহ পালন ।

৩) নিয়ন্ত্রণবিহীন জমা কর্মসূচি নিষিদ্ধকরণ আইনের অধীন মামালর তদন্ত ও বিচার প্রক্রিয়া সম্পর্কে গৌহাটি হাইকোর্টের অধিসূচনা জারী ।

এবং

৪) বদরপুর-লামডিং হিল সেক্সনের মুপা অংশের ক্ষতিগ্রস্থ লাইন মেরামতীর কাজ সম্পূর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে আগামীকাল সকাল থেকে ওই লাইনে পুনরায় রেল চলাচল শুরু হওয়ার সম্ভাবনা ।

---

রাজ্যের ৫টি বিধানসভা আসনে আগামী ১৩ নভেম্বর অনুষ্ঠেয় উপ-নির্বাচনের প্রচারাভিযান প্রত্যেকটি রাজনৈতিক দলের অংশ গ্রহণের মাধ্যমে আজ আরো জোরদার হয়ে ওঠেছে । বিশেষকরে ক্ষমতাশীন ভারতীয় জনতা পার্টী ( বি জে পি ) প্রধান

বিরোধী কংগ্রেস দল সহ অন্যান্য আঞ্চলিক দলগুলির সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে এই উপ-নির্বাচনের প্রচারাভিযান আজ থেকে তীব্র হয়ে ওঠেছে । উল্লেখ্য যে বিহালী বিধানসভা আসনে বি জে পি প্রার্থী দিগন্ত ঘাটোয়ারের হয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মের্ঘেরিটা এবং বিধায়ক দিগন্ত কলিতা বিভিন্ন স্থানে প্রচার চালিয়েছেন । সামাগুরি বিধানসভা আসনের বি জে পি প্রার্থী দিপ্লু রঞ্জন শর্মার হয়ে রাজ্যের মন্ত্রী তথা ভারতীয় জনতা পার্টীর প্রবীন নেতা বিমল বরা বেশ কয়েকটি স্থানে নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন । এদিকে ধলাই বিধানসভা আসন সহ চিরাং-এর সিদলী আসনের প্রার্থী এবং সমর্থকরা ভোটদাতাদের নিজেদের পক্ষে আকৃষ্ট করতে লিফলেট , দেওয়াল লিখন, পোষ্টার ইতাদি লাগিয়ে প্রচারকার্য অব্যাহত রেখেছেন । বঙ্গাইগাও বিধানসভা আসনে মিত্রজোট সমর্থিত অসম গণ পরিষদ দলের প্রার্থী দিপ্তীময়ী চৌধুরী এবং কংগ্রেস প্রার্থী ব্রজেনজিৎ সিংহও জোরদার প্রচারকার্য শুরু করেছেন ।

---

রাজ্যের বিভিন্ন জনগোষ্ঠীর ভাষা এবং অসমীয়া ভাষা ও বর্ণিল সংস্কৃতির প্রচার তথা প্রসার সম্পর্কে আলোচনার উদ্দেশ্যে রাজ্য সরকারের উদ্যোগে আগামীকাল থেকে ৯ নভেম্বর পর্যন্ত ভাষা গৌরব সপ্তাহ উদযাপন করা হবে । অসমীয়া ভাষায় লাভ করা ধ্রুপদী ভাষার বীরল স্বিকৃতি প্রত্যেক অসমীয়ার কাছে পৌছে দেওয়ার লক্ষ্যে প্রথমবারের মত এ ধরণের কার্যসূচি গ্রহণ করা হয়েছে । এই সপ্তাহে ভাষা বিষয়ক বিভিন্ন কর্মসূচিও গ্রহণ করা হবে । কার্যসূচির মধ্যে রয়েছে চতুর্থ শতক থেকে পর্যায়ক্রমে অসমীয়া ভাষা সাহিত্যে আবদান যোগানো মনিষী, পন্ডিত এবং ভাষাবিদদের কৃতজ্ঞতা জ্ঞাপন, প্রকাশন পরিষদের প্রকাশ করা ধ্রুপদী অসমীয়া শীর্ষক গ্রন্থ জনসাধারণের মধ্যে বিতরণ করা এবং আসমীয়া ছাড়াও রাজ্যের অন্যান্য ভাষাগোষ্ঠীর ভাষার বিবর্তন সম্পর্কে তথ্যপূর্ণ আলোচনা ইত্যাদি । ভাষাগৌরব সপ্তাহের একটি প্রধান কার্যসূচি হিসেবে অসমীয়া ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ১ লক্ষ জনসাধারণের মাধ্যমে কৃতজ্ঞতাসূচক পত্র প্রেরণ করা হবে । এই সপ্তাহ উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে অসমীয়া সহ রাজ্যের ১৪টি ভাষায় শিক্ষামূলক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ।

আগামীকাল গৌহাটিতে ভাষাগৌরব সপ্তাহ উদযাপনের মূল কার্যসূচি আরম্ভ হবে। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বিমল বরা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । গৌহাটির শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে বেলা ১১টা থেকে শুরু হওয়া অনুষ্ঠানে অর্থমন্ত্রী অজন্তা নেওয়গ এবং শিক্ষামন্ত্রী রণোজ পেগু উপস্থিত থাকবেন । রাজ্যসরকারের অন্যান্য মন্ত্রীরা বিভিন্ন জেলায় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি

হিসেবে উপস্থিত থাকবেন । ৪ নভেম্বর থেকে রাজ্যের বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বিভিন্ন সামাজিক সংস্থা সমূহ নিজস্বভাবে ভাষাগৌরব সপ্তাহ কার্যসূচি পালন করবে ।

-----------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায়ও আগামীকাল থেকে ৯ নভেম্বর পর্যন্ত ভাষা গৌরব সপ্তাহ পালন করা হবে । রাজ্যের অন্যান্য ভাষা সহ বাংলা ও অসমীয়া ভাষাকে সমৃদ্ধ করতে অবদান যোগানো প্রত্যেক গুনীজনকে কৃতজ্ঞতা জানাতেই এই সপ্তাহ পালনের কার্যসূচি গ্রহণ করা হয়েছে । এ উপলক্ষে আগামীকাল বিকেল ৩টায় করিমগঞ্জ জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে বাংলা ও অসমীয়া ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যদা প্রদনের জন্য কেন্দ্রীয় সরকারকে কৃতজ্ঞতা জানাতে জেলা ভিত্তিক আলোচনা চক্রের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে সব বিভাগের বিভাগীয় প্রধান, সমাজকর্মী, পুসভার কর্মকর্তা, প্রবীন নাগরিক, শিক্ষাবিদ, ছাপা ও বৈদ্যুতিন মাধ্যমের সাংবাদিক, বিভিন্ন ক্লাব, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য সহ সর্বস্তরের জনসাধারণকে উপস্থিত থাকার আবেদন জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল থেকে ৯ নভেম্বর পর্যন্ত ভাষাগৌরব সপ্তাহ পালন করা হবে । কার্যসূচির মধ্যে রয়েছে আলোচনাচক্র, কর্মশালা, কুইজ, রচনা প্রতিযোগিতা সহ অন্যান্য প্রতিযোগিতা। এ উপলক্ষ্যে হাইলাকান্দি এস এস কলেজ প্রেক্ষাগৃহে জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল বেলা ১১টা থেকে কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে ভাষা সংস্কৃতির প্রচার ও প্রসারের জন্য বিভিন্ন কর্মসূচি পালন করা হবে । কেন্দ্রীয় অনুষ্ঠানে জেলার অভিভাবক মন্ত্রী , বিধায়ক , সাংসদ ছাড়াও বিভিন্ন সংস্থা ও সংগঠনের সদস্যদের উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে ।

ভাষাগৌরব সপ্তাহ উপলক্ষ্যে বিভিন্ন সরকারী বিভাগ তাদের শাখা কার্যালয়গুলিকে কার্যসূচি গ্রহণ করতে নির্দেশ দিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

ভাষা গৌরব সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে লায়ন্স ক্লাব অফ লালা উদ্যোগে আগামী ৫ নভেম্বর বেলা দেড়টায় শহরের শেফালিকা রায় স্মৃতি মাতৃভাষা আদর্শ বিদ্যাপীঠে আক আলোচনা চক্র ও আবৃত্তির অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে বাংলা,মণিপুরী ,অসমীয়া সহ বিভিন্ন ভাষায় কবিতা আবৃত্তি ও আলোচনা সভা রয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট নিয়ন্ত্রণবিহীন জমা প্রকল্প নিষিদ্ধকরণ আইনের অধীনের মামলার তদন্ত ও বিচার প্রক্রিয়া সম্পর্কে এক বিজ্ঞপ্তি জারী করেছে । এই বিজ্ঞপ্তি অনুসারে

নিয়ন্ত্রণবিহীন জমা প্রকল্প নিষিদ্ধকরণ আইনের অধীনে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার চালানো মামলাগুলির ক্ষেত্রে এজাহার ,অভিযোগনামা,চূড়ান্ত প্রতিবেদন ইত্যাদি সিবি আইয়ের বিশেষ বিচারপতির আদালতে দাখিল করতে হবে । একইভাবে সি বি আইয়ের বিশেষ বিচারপতির আদালত জামিন আবেদন , হেফাজতে রাখার আবেদন ইত্যাদি নিষ্পত্তির দায়িত্ব সি বি আই য়ের ২ নম্বর ও তিন নম্বর অতিরিক্ত আদালতকে সমর্পন করতে পারবে ।

---------------------------------------------------------------------------------------

সি-বি-আইর বিশেষ আদালত ট্রেডিং কেলেঙ্কারী মামলায় গ্রেপ্তার হওয়া ৪ জন অভিযুক্তকে আজ ন্যায়িক জিম্মায় প্রেরণ করেছে । এই ৪ জন অভিযুক্ত হচ্ছে বিশাল ফুকন, রঞ্জিত কাকতি, অভিজিত চান্দ এবং স্বপ্ননীল দাস । পূর্বের জিম্মার মেয়াদ শেষ হওয়ার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ( সি বি আই ) ওই ৪ অভিযুক্তকে আদালতে হাজির করেছিল । পরে আদালত চারজনকেই পুনরায় ন্যায়িক জিম্মায় প্রেরণ করে । আগামী ১৩ নভেম্বর এই ৪ জনকে সি বি আইর বিশেষ আদালতে হাজির করার নির্দেশ প্রদান করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------

বদরপুর-লামডিং পাহাড় লাইনের মুপা অংশে সম্প্রতি একটি মালগাড়ি লাইনচ্যুত্য হওয়ার পর ক্ষতিগ্রস্থ রেল লাইন মেরামতির কাজ সম্পূর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে আগামীকাল সকাল থেকে ওই লাইনে পুনরায় স্বাভিবিকভাবে রেল চলাচল শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে । মেরামতির কাজ সম্পূর্ণ হওয়ার পর লাইন পরীক্ষার জন্য বেশ কয়েকটি হালকা ইন্জীন এবং মালগাড়ী ওই লাইনের ওপর দিয়ে চলাচল করার পর রেল কর্তৃপক্ষ যাত্রীবাহী ট্রেন চলাচল করা সম্পর্কে ১শো শতাংশ নিশ্চিত হয়েছেন ।

উল্লেখ্য মালবাহী একটি ট্রেন গত বৃহস্পতিবার বদরপুর-লামডিং পাহাড় লাইনের মুপা অংশের একটি ট্যানেলের কাছাকাছি জায়গায় লাইনচ্যুত্য হওয়ার পরিপ্রেক্ষিতে ওই লাইনে ট্রেন চলাচল বাতিল করা হয়েছিল । উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জল কিশোর শর্মা এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল উৎসবের মরশুমে যাত্রীদের চাহিদা ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে আরও কয়েকটি উৎসব স্পেশাল ট্রেন চালু করার সিদ্ধান্ত নিয়েছে । সে অনুযায়ী আগামীকাল আগরতলা-সেকেন্দ্রবাদ একমূখী স্পেশাল ,আগরতলা -ফিরোজপুর ক্যান্ট একমূখী স্পেশাল ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস-আগরতলা উৎসব স্পেশাল ট্রেনগুলি যাত্রা করবে ।এছাড়াও ছটপূজা উপলক্ষ্যে দুটি ডেমু স্পেশাল কাটিহার ও

মণিহারির মধ্যে চলাচল করবে । এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচীর বিস্তারিত বিবরণ আই আর সি টি সির ওয়েবসাইটে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------

আসাম-নাগাল্যান্ড মেরাপানী সিমান্ত এলাকায় আজ ১২৪ নম্বর সি আর পি এফ-এর একটি দল বার্মীজ সুপারী বোঝাই দুটি ট্রাক জব্দ করতে সক্ষম হয়েছে । ডিমাপুর থেকে কয়েক লক্ষ টাকার বার্মীজ সুপারী বোঝাই ওই ট্রাক দুটি গৌহাটি অভিমুখে আসার পথে সি আর পি এফ-এর তল্লাশী অভিযানে ধরা পড়ে । ট্রাক দুটির গন্তব্যস্থল মেরাপানী ছিল বলে ধৃত চালকরা পুলিশের কাছে স্বিকারুক্তি দিয়েছে । সি আর পি এফ জোওয়ানরা ধৃত দুই চালককে নাগাল্যান্ডের ভান্ডারী পুলিশের কাছে সমঝে দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার পাথারকান্দির বৈঠাখালে আজ ভোরে একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে জাতীয় সড়কের পাশে উল্টে গেলে ২০ জনেরও অধিক যাত্রী গুরুতর আহত হয়েছেন । গাড়ীর চালক মোবাইল হাতে দ্রুত গতিতে বাস চালানোর ফলে এই দূর্ঘটনা সংঘটিত হয় বলে প্রত্যক্ষদর্শীরা অভিযোগ করেছেন । স্থানীয় জনসাধারণ আহতদের উদ্ধার করে পাথারকান্দি হাসপাতালে ভর্তি করেন বলে আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা অন্ধত্ব নিবারণী সমিতির সহযোগিতায় আজ লালার চন্দ্রপুর বাইপাসের লায়ন্স ভিশন সেন্টারে বিনামূল্যে একটি চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে মোট ৭০ জন রোগীর চক্ষু পরীক্ষার পর ২১ জনের চোখে ছানি শনাক্ত করা হয় । ছানিপড়া চক্ষু রোগীদের আগামী সপ্তাহে হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালে বিনামূল্যে অস্ত্রপচার করা হবে । আজকের এই শিবিরে চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার সুমনা দাস ভট্টাচার্য, আল আমিন, চঞ্চল দাস, দীপন দাস প্রমুখ রোগীদের চক্ষু পরীক্ষা করেন ।

---------------------------------------------------------------------------------

ক্যাপ্টেন নলীনী মোহন গুপ্ত মেমোরিয়াল আমন্ত্রণমূলক ফুটবল প্রতিযোগীতা আগামী ৪ নভেম্বর থেকে ১১ নভেম্বর পর্যন্ত শিলচরের সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । প্রতিদিন ম্যাচগুলি দুপুর দেড়টায় শুরু হয়ে বিকেল সাড়ে চারটায় শেষ হবে । ফাইনাল খেলা আগামী ১১ নভেম্বর ফ্লাডলাইটের নীচে বিকেল সাড়ে চারটা থেকে খেলার শেষ পর্যন্ত অনুষ্ঠিত হবে । এরপর থাকবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান ।

---------------------------------------------------------------------------------